

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০২.২৩.১৭৩১

২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের ২৭,০০০ জন ছাত্রছাত্রীর পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ কার্যক্রম সূচ্য বাস্তবায়নে সহযোগিতা প্রদান
সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে ২৭/০৯/২০২৩ তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। প্রতিটি শেখ রাসেল স্কুল অব ফিউচারে ৬টি ডিজিটাল স্মার্ট বোর্ড, ৫টি ডিজিটাল হাজিরা মেশিন, ১টি ওয়াইফাই রাউটার, ৪টি ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড, ৩২টি মডিউল সমৃদ্ধ স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।

০২। শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান থেকে (৬ষ্ঠ-১০ম) ৯০ জন ছাত্রছাত্রী নিয়ে মোট ২৭,০০০ ছাত্রছাত্রীকে পাইথন প্রোগ্রামিং বিষয়ে ১৫ দিন ব্যাপী (প্রতিদিন ০৩ ঘণ্টা করে) প্রশিক্ষণ প্রদান করা হবে। শেখ রাসেল স্কুল অফ ফিউচারপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হবে। নির্বাচিত ২টি ভেন্ডর প্রতিষ্ঠান প্রশিক্ষণ প্রদান করবে। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়া শীঘ্রই সম্পন্ন হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮/১০/২৩ তারিখ উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০৩। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সূচ্য বাস্তবায়নে জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে তদারকী ও সমন্বয়ের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয়/ জেলা/ উপজেলা শিক্ষা বিভাগের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান/ভেন্যু প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অনুরোধ করে পত্র দেয়া হয়েছে। জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় বিষয়টি নিয়মিত আলোচনা ও পর্যালোচনা করে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করলে গুরুত্বপূর্ণ এ প্রশিক্ষণটি সূচ্যভাবে আয়োজন করা সহজ হবে।

০৪। এমতাবস্থায়, জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় নিয়মিত আলোচনা ও পর্যালোচনা করে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকলকে বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম সূচ্যভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৯-১০-২০২৩
এস এ এম রফিকুল্লাহী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, জেলা আইসিটি বিষয়ক কমিটি।।

স্মারক নম্বর:

২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;

- ৩। বিভাগীয় কমিশনার (সকল);
- ৪। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। উপ-প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, আগারগাও, ঢাকা।;
- ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিভাগীয় কার্যালয় (সকল);
- ৯। জেলা শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১০। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (তঁার আওতাধীন শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১৩। সহকারী প্রোগ্রামার (সকল),উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ১৪। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক.....স্কুল/কলেজ.....;
- ১৫। টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান, ডিডিসি এন্ড এমসিসি লিঃ, মহাখালী, ঢাকা (প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন, তদারকী এবং প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ);
- ১৬। জনাব রাসেল টি আহমেদ, প্রোগ্রাইটার, টিম ক্রিয়েটিভ বাংলাদেশ, গুলশান-বাড্ডা সংযোগ সড়ক, ঢাকা (শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত সফটওয়্যার সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ)। এবং
- ১৭। জনাব নাফিস আহমেদ, ম্যানেজার, এক্সপ্রেস সিস্টেম লিঃ, শ্যামলী, ঢাকা (শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত আইটি সামগ্রী সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ)।।



UCC

০৯-১০-২০২৩

এস এ এম রফিকুলমবী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)